অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/6/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীর সেবায় জীবন উৎসর্গকারী 68 জন পুলিশ কর্মকর্তাকে সম্মান জানান

অ্যালবানির এম্পায়ার স্টেট প্লাজায় অবস্থিত নিউ ইয়র্ক স্টেট পুলিশ অফিসার্স স্মৃতিসৌধে 68 জন আইন প্রয়োগকারী কর্মীর নাম যুক্ত করা হয়েছে

আজ 6 মে, স্টেটের গুরুত্বপূর্ণ স্থাপনাগুলো শহীদ পুলিশ কর্মকর্তাদের স্মরণে এবং পুরো স্টেট জুড়ে পুলিশ সদস্যদের সেবার স্বীকৃতিস্বরূপ নীল আলোয় আলোকিত করা হবে

আজকে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) অ্যালবানির এম্পায়ার স্টেট প্লাজায় অবস্থিত নিউ ইয়র্ক স্টেট পুলিশ অফিসার্স স্মৃতিসৌধে 11টি বিভাগের 68 জন শহীদ পুলিশ কর্মকর্তার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। নিজের সহকর্মী নিউ ইয়র্কবাসীদের সেবা দিতে গিয়ে জীবন উৎসর্গকারী শহীদ আইন প্রয়োগকারী কর্মকর্তাদের নাম স্মৃতিসৌধে যুক্ত করা হয়েছে এবং বর্তমানে স্মৃতিসৌধটিতে স্টেট জুড়ে 155টি এজেন্সি এবং ছয়টি ফেডারেল সংস্থার মোট 1908 জন পুলিশ কর্মকর্তার নাম অন্তর্ভুক্ত রয়েছে। গভর্নর 6 মে দিবসটিকে পুলিশ স্মারক দিবস হিসেবে ঘোষণা করে একটি ঘোষণাও জারি করেছেন এবং স্টেট জুড়ে পুলিশ অফিসারদের সেবা ও ত্যাগের স্বীকৃতিস্বরূপ আজ রাতে স্টেটের গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোকে নীল রঙে আলোকিত করার নির্দেশ দিয়েছেন।

"আজ আমরা সেই সাহসী বীর ও বীরাঙ্গনাদের জীবনকে সম্মান জানাই, যারা নিউ ইয়র্কবাসীদের রক্ষা করার শপথ নিয়েছিলেন এবং কর্তব্যপালনের সময় প্রাণ হারিয়েছেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "প্রতিদিন আমাদের আইন প্রয়োগকারী কর্মকর্তারা ও তাদের পরিবারগুলো নিজেদের জীবন উৎসর্গ করে কমিউনিটির সেবা করে চলেছেন, আর জনসাধারণের নিরাপত্তা নিশ্চিত করতে যাঁরা সাহসিকতার সঙ্গে জীবন উৎসর্গ করছেন, আমি তাদের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি।"

আজ রাতে নিম্নলিখিত বিখ্যাত স্থানগুলো নীল আলোয় আলোকিত করা হবে:

- 1 ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (1 World Trade Center)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)

- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- ইরি খালের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- ময়নিহান ট্রেন হল (Moynihan Train Hall)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds - Main Gate & Expo Center)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ ("Franklin D. Roosevelt" Mid-Hudson Bridge)

500 জনেরও বেশি আইন প্রয়োগকারী পেশাদার, পরিবারের সদস্য এবং বন্ধু সদস্যরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, যেখানে গভর্নর Hochul (হোকল) বক্তৃতা প্রদান করেন।

<u>কর্তব্যরত অবস্থায় মৃত্যু</u>

জেনেসি কাউন্টি শেরিফ অফিস

সার্জেন্ট Thomas A. Sanfratello (থমাস এ. সানফ্রাটেলো) বাটাভিয়া ডাউনস গেমিং অ্যান্ড হোটেলে একটি বিশেষ অ্যাসাইনমেন্ট ডিটেইলে কাজ করছিলেন এবং এসময় তিনি দুই জন বিশৃঙ্খলাকারী গ্রাহকের ব্যাপারে নিরাপত্তা কর্মকর্তাদের সহায়তা করার জন্য সাড়া দেন। তিনি দুইজনের মধ্যে একজন বিশৃঙ্খলাকারী গ্রাহককে গ্রেফতারের চেষ্টা করার সময় অপর একজন বিশৃঙ্খলাকারী গ্রাহক সার্জেন্ট Sanfratello (সানফ্রাটেলো) এর উপর আক্রমণ করেন। উভয় ব্যক্তি সার্জেন্টের সাথে লড়াই করেছিলেন, যিনি লড়াইয়ের সময় পড়ে যান এবং এর ফলে নিহত হন। (10 মার্চ, 2024)

নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট

গোয়েন্দা Jonathan E. Diller (জোনাথন ই. ডিলার) কুইন্সের 101 তম প্রিসিঙ্কটের সীমানার মধ্যে 19-19 মট অ্যাভিনিউয়ের সামনে তদন্ত পরিচালনা করছিলেন, ওই সময় তার পেটে গুলি লাগে এবং তিনি আঘাতের কারণে মারা যান। (25 মার্চ, 2024)

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)

John M. Grassia III (জন এম. গ্রাসিয়া III) যিনি হলেন মার্কিন সেনাবাহিনীর ন্যাশনাল গার্ডের চিফ ওয়ারেন্ট অফিসার 2 এবং UH-60M পাইলটও এবং একই সাথে তিনি ছিলেন টেকনিক্যাল সার্জেন্ট, তিনি আমেরিকা-মেক্সিকো সীমান্তে টহল দেওয়ার সময় একটি মারাত্মক হেলিকপ্টার দুর্ঘটনায় নিহত হন। তিনি কুয়েতে দায়িত্ব পালন করেছিলেন এবং Troop K, G-তে নিযুক্ত

ছিলেন; মৃত্যুর পর তাঁকে এভিয়েশন ডিভিশনে সম্মানসূচকভাবে অন্তর্ভুক্ত করা হয়। (8 মার্চ, 2024)

ওসওয়েগো কাউন্টি শেরিফের অফিস
ডেপুটি Cailee R. Campbell (কেলি আর. ক্যাম্পবেল) পালারমো টাউনে একটি জরুরী মোটর যান দুর্ঘটনার সাড়া দিতে যাচ্ছিলেন, যখন তিনি ভলনি টাউনের কাউন্টি রুট 176 এর উপর দিয়ে যাওয়ার সময় তাঁর গাড়িটি ধাক্কা খেয়ে উল্টে গিয়ে একটি ছাদের উপর পরে যায়। ঘটনাস্থলেই তিনি অজ্ঞান হয়ে পড়েন এবং তাকে ওসওয়েগো হাসপাতালের জরুরী বিভাগে নিয়ে যাওয়া হয় যেখানে তাকে মৃত ঘোষণা করা হয়। (25 সেপ্টেম্বর, 2024)

ওনোন্ডাগা কাউন্টি শেরিফের অফিস
লেফটেন্যান্ট Michael A. Hoosock (মাইকেল এ. হুসক) দিনের শুরুতে সিরাকিউজ পুলিশ বিভাগের ট্রাফিক স্টপ থেকে পালিয়ে যাওয়া একটি গাড়ির অনুসন্ধান করেছিলেন এবং গাড়িটির সন্ধানও পেয়েছিলেন। যখনই সিরাকিউজ পুলিশ ওই গাড়িটি পার্ক করা একটি বাড়িতে পৌঁছালো ঠিক তখনই রাইফেলের স্লাইড টানার শব্দ বাতাসে প্রতিধ্বনিত হয়েছিল। পুলিশ কর্মকর্তারা এলাকাটি ঘিরে ফেলে নিরাপত্তা বেষ্টনী গঠন করেন এবং সন্দেহভাজন ব্যক্তি পাশের একটি বাড়ি থেকে বেরিয়ে এসে লেফটেন্যান্ট Lt. Hoosock-(হুসক) কে অতর্কিতে আক্রমন করে, যার ফলে তিনি নিহত হন। (14 এপ্রিল, 2024)

সিরাকিউজ পুলিশ বিভাগ
পুলিশ অফিসার Michael E. Jensen (মাইকেল ই. জেনসেন) এক চালকের বিরুদ্ধে তদন্ত করছিলেন, যিনি একটি ট্র্যাফিক স্টপ থেকে পালিয়ে গিয়েছিলেন এবং সেই সময় সন্দেহভাজন ব্যক্তি পুলিশের দিকে গুলি ছোড়ে, যার ফলে ওনোন্ডাগ কাউন্টি শেরিফ অফিসের লেফটেন্যান্ট Hoosock (হুসক) এবং অফিসার জেনসেন মারাত্মকভাবে আহত হন এবং অফিসার জেনসেন তার প্যাট্রোল গাড়ির আড়ালে থেকে পাল্টা গুলি চালাতে সক্ষম হলেও পরে মারাত্বক রকমের আহত হওয়ার কারণে মৃত্যুবরণ করেন। (14 এপ্রিল, 2024)

গ্রাউন্ড জিরো সম্পর্কিত রোগে মৃত্যু
গ্রাউন্ড জিরো-সম্পর্কিত অসুস্থতায় মারা যাওয়া অফিসারদের নাম 2008 সালে মেমোরিয়ালে প্রথম যোগ করা হয়েছিল। এই বছরে আরো 60 জনের নাম যুক্ত হওয়ার ফলে এখন মোট শহিদদের সংখ্যা দাঁড়াল 504 জন।

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার 9/11 সম্পর্কিত মৃতের সংখ্যা

নাসাউ কাউন্টি পুলিশ বিভাগ
গোয়েন্দা লেফটেন্যান্ট Christopher A. Cizmarik (ক্রিস্টোফার এ. সিজমারিক) (27 ডিসেম্বর, 2023)
চিফ Kevin G. Canavan (কেভিন জি. ক্যানাভান) (30 জুন, 2024)
পুলিশ অফিসার Philip J. Schifini (ফিলিপ জে. শিফিনি) (27 নভেম্বর, 2024)

নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট
গোয়েন্দা Cliff Acosta (ক্লিফ অ্যাকোস্টা) (19 মার্চ, 2021)
সার্জেন্ট Charles A. Afanasewicz (চার্লস এ. আফানাসেভিজ) (4 জুলাই, 2023)
চিফ Michael Ansbro (মাইকেল আনসব্রো) (29 জুন, 2023)
লেফটেন্যান্ট Salvatore W. Bertocci (সালভাতোর ডব্লিউ বার্তোকি) (20 মার্চ, 2023)
লেফটেন্যান্ট James V. Buebendorf (জেমস ভি. বুবেনডর্ফ) (28 জানুয়ারি, 2023)
সার্জেন্ট William A. Burkel (উইলিয়াম এ বার্কেল) (15 জানুয়ারি, 2024)
লেফটেন্যান্ট Raymond Buzzo (রেমন্ড বুজো) (12 এপ্রিল, 2023)
গোয়েন্দা Kenneth B. Campbell (কেনেথ বি ক্যাম্পবেল) (25 জুলাই, 2024)
সার্জেন্ট Yolanda Carberry (যোলান্দা কারবেরি) (19 মে, 2023)
সার্জেন্ট Frank J. Cimmino (ফ্র্যাঙ্ক জে. সিম্মিনো)(23 মার্চ, 2024)
গোয়েন্দা William F. Clancy (উইলিয়াম এফ. ক্ল্যানসি)(26 নভেম্বর, 2021)
পুলিশ অফিসার Gerard J. Coggins, Sr. (জেরার্ড জে. কগিন্স, সিনিয়র) (28 জানুয়ারি, 2023)
গোয়েন্দা Joseph S. Cordaro (জোসেফ এস. কোরডারো) (7 নভেম্বর, 2022)
সার্জেন্ট Leonard Davis (লিওনার্ড ডেভিস) (21 অক্টোবর, 2023)
লেফটেন্যান্ট James T. Delaney (জেমস টি. ডেলানে) (10 মার্চ, 2022)
সার্জেন্ট Theresa H. Foiles (থেরেসা এইচ. ফয়লস) (24 সেপ্টেম্বর, 2023)
গোয়েন্দা Herbert Fonseca (হার্বার্ট ফনসেকা) (21 জানুয়ারি, 2024)
লেফটেন্যান্ট Steven R. Galan (স্টিভেন আর. গ্যালান) (19 জুন, 2023)
পুলিশ অফিসার Joseph P. Geschwind (জোসেফ পি. গেশউইন্ড) (17 মে, 2023)
পুলিশ অফিসার Jorge L. Gonzalez (জর্জ এল. গনজালেস) (11 মে, 2020)
পুলিশ অফিসার Gregory A. Green (গ্রেগরি এ. গ্রিন) (9 ফেব্রুয়ারি, 2021)
গোয়েন্দা Peter J. Grzymalski (পিটার জে. গ্রিজমালস্কি) (29 এপ্রিল, 2023)
পুলিশ অফিসার Louis T. Haarstick (লুইস টি. হারস্টিক) (28 ফেব্রুয়ারি, 2023)
সার্জেন্ট Paul R. Hargrove (পল আর. হারগ্রোভ)(8 মার্চ, 2024)
গোয়েন্দা Adam Jangel (এডাম জ্যাঙ্গেল)(16 এপ্রিল, 2023)
গোয়েন্দা Kurt E. Jones (কার্ট ই. জোন্স)(27 আগস্ট, 2023)
পুলিশ অফিসার John E. Kilpatrick (জন ই. কিলপ্যাট্রিক)(16 এপ্রিল, 2024)
পুলিশ অফিসার Carlo S. Krecic (কার্লো এস. ক্রেচিক)(5 সেপ্টেম্বর, 2023)
পুলিশ অফিসার Stephen M. Liell (স্টিফেন এম. লিয়েল) (30 ডিসেম্বর, 2022)
পুলিশ অফিসার Brendan McGarry (ব্রেডেন ম্যাকগেরি) (14 এপ্রিল, 2022)
গোয়েন্দা Scott A. McKenna (স্কট এ. ম্যাককেনা) (28 জুলাই, 2023)
পুলিশ অফিসার William McNaughton (উইলিয়াম ম্যাকনটন) (7 ডিসেম্বর, 2023)
পুলিশ অফিসার Thomas W. Miller (থমাস ডাব্লিউ. মিলার) (22 ফেব্রুয়ারি, 2023)
সার্জেন্ট Wanda E. Negron (ওয়ান্ডা ই. নেগ্রন) (19 অক্টোবর, 2023)
চিফ Gerald Nelson (জেরাল্ড নেলসন) (10 মে, 2024)
ক্যাপ্টেন Steven J. Paveglio (স্টিভেন জে. পাভেলিও) (23 এপ্রিল, 2023)
পুলিশ অফিসার Ronald Raskin (রোনাল্ড রাসকিন) (17 মার্চ, 2023)
গোয়েন্দা Edwin Rodriguez (এডউইন রড্রিগেজ) (22 অক্টোবর, 2022)
গোয়েন্দা Braulio Rosario (ব্রাউলিও রোসারিও) (4 নভেম্বর, 2023)

পুলিশ অফিসার Brian J. Rutherford (ব্রায়ান জে. রাদারফোর্ড)(20 সেপ্টেম্বর, 2022)
পুলিশ অফিসার Denis C. Ryan (ডেনিস সি. রায়ান) (11 অক্টোবর, 2022)
গোয়েন্দা Hector J. Santiago (হেক্টর জে. সান্তিয়াগো) (9 এপ্রিল, 2023)
সার্জেন্ট Jack Santora (জ্যাক স্যান্টোরা) (14 জুলাই, 2023)
পুলিশ অফিসার Joseph M. Stillitano (জোসেফ এম. স্টিলিতানো) (21 মার্চ, 2024)
গোয়েন্দা Jewel I. Todman-Phillip Jewel I. Todman-Phillip (জুয়েল আই. টডম্যান-ফিলিপ)(23 জুন, 2020)
গোয়েন্দা Michael Torrisi (মাইকেল টোরিসি) (13 আগস্ট, 2013)
পুলিশ অফিসার Randy Van Name (র‍্যান্ডি ভ্যান নেম)(ডিসেম্বর 26, 2022)
লেফটেন্যান্ট John S. Welch (জন এস. ওয়েলচ) (6 এপ্রিল, 2023)
পুলিশ অফিসার (আলফ্রেড জি. উইলিয়ামস) (8 এপ্রিল, 2024)

নিউ ইয়র্ক স্টেট এনভায়ার্নমেন্টাল কনজারভেশন পুলিশ

লেফটেন্যান্ট David J. McShane (ডেভিড জে. ম্যাকশেইন) (23 জানুয়ারি, 2024)

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)

স্টাফ সার্জেন্ট Benedicto Albizu Jr. (বেনেদিক্টো আলবিজু জুনিয়র) (9 মে, 2024)
ট্রুপার Steven P. Bilodeau (স্টিভেন পি. বিলোডো) (22 আগস্ট, 2024)
সিনিয়র তদন্তকারী John L. Carey (জন এল. ক্যারি) (24 অক্টোবর, 2024)
ট্রুপার Steven A. Tyrrell (স্টিভেন এ. টাইরেল)(7 ফেব্রুয়ারি, 2024)

নিউ ইয়র্ক বন্দর কর্তৃপক্ষ এবং নিউ জার্সি পুলিশ বিভাগ

পুলিশ ক্যাপ্টেইন John M. Collins (জন এম. কলিন্স) (26 এপ্রিল, 2024)
পুলিশ অফিসার Anthony J. Mezzacappa Jr. (অ্যান্থনি জে. মেজ্জাকাপ্পা জুনিয়র) (14 মে, 2024)

টাউন অফ নিউবার্গ পুলিশ বিভাগ

সার্জেন্ট William E. McLean III (উইলিয়াম ই. ম্যাকলিন তৃতীয়) (5 মে, 2024)

<u>মেমোরিয়ালে দুটি ঐতিহাসিক মৃত্যুও যুক্ত করা হয়েছে।</u>

মনরো কাউন্টি সেরিফের অফিস

ডেপুটি শেরিফ Lewis Miles (লুইস মাইলস) একটি জুরি ডাকার সময় হৃদরোগে আক্রান্ত হন এবং মৃত্যুবরণ করেন। (6 অক্টোবর, 1885)

নিউ ইয়র্ক বন্দর কর্তৃপক্ষ এবং নিউ জার্সি পুলিশ বিভাগ

পুলিশ অফিসার অ্যান্থনি এম. ভারভারো (Anthony M. Varvaro) 9/11 এর 21 তম স্মরণসভার নিরাপত্তা বিভাগের সদস্য হিসেবে কাজ করার জন্য রিপোর্ট করছিলেন, ঠিক সেই সময় একটি গাড়ির ধাক্কায় তিনি প্রাণ হারান। (11 সেপ্টেম্বর, 2022)

স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services, DCJS) এই অনুষ্ঠান এবং পুলিশ অফিসার্স মেমোরিয়াল অ্যাডভাইজরি কমিটির কাজের মধ্যে সমন্বয় করছে। স্টেটের অফিস অফ জেনারেল সার্ভিসেস (Office of General Services, OGS) এই স্মৃতিস্তম্ভের রক্ষণাবেক্ষণ করে এবং এটির কমিশনারও এই কমিটিতে দায়িত্ব পালন করছেন।

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস কমিশনার Rossana Rosado (রোসানা রোসাদো) বলেন, "এই সাহসী পুলিশ অফিসারদের পরিবার এবং প্রিয়জনদের প্রতি আমাদের হৃদয় থেকে সহমর্মীতা আছে, যারা তাদের সহকর্মী নিউ ইয়র্কবাসীদের রক্ষা করার জন্য তাদের জীবন উৎসর্গ করেছিলেন। তাদের আত্মত্যাগ জনসেবার সর্বোচ্চ আদর্শের উদাহরণ এবং আমরা তাদের প্রতি গভীর ভাবে কৃতজ্ঞ। আমরা আজ তাদের উত্তরাধিকার সম্মান জানাতে একত্রিত হয়েছি এবং নিশ্চিত করি যে তাদের স্মৃতি আগামী সমস্ত দিন ধরে টিকে থাকবে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব জেনারেল সার্ভিসেস কমিশনার Jeanette Moy (জ্যানেট ময়) বলেন, "আমরা এই শ্রদ্ধা জ্ঞাপন আয়োজনে গভর্নর Hochul (হোকল) এর সাথে যোগ দিয়ে তাঁদের সম্মান জানাই, যারা নিউ ইয়র্কবাসীদের সেবা করতে গিয়ে শান্তির রক্ষক হিসেবে নিজের জীবন উৎসর্গ করেছেন। আমরা OGS-এ আমাদের ভূমিকাযর জন্য গর্ববোধ করি, যা নিউ ইয়র্ক স্টেট পুলিশ অফিসার্স মেমোরিয়ালের রক্ষক হিসেবে কাজ করে, যা শহিদ পুলিশ অফিসারদের সাহস ও নিষ্ঠার প্রতি শ্রদ্ধা জানায়, সেই সাথে তাঁদের পরিবার, সহকর্মী এবং বন্ধুদের জন্য একান্ত সময় ও প্রতিফলনের জন্য একটি স্থান প্রদান করে।"

এই স্মৃতিস্তম্ভ 1974 সালে দায়িত্ব পালন করার সময় নিহত হওয়া নিউ ইয়র্ক স্টেট পুলিশের 16 বছর যাবত ভেটেরান এমারসন জে. ডিলন জুনিয়রের কন্যা, কোলিন ডিলন বার্গম্যান কর্তৃক প্রস্তাবিত একটি নকশার ধারণার উপর ভিত্তি করে নির্মিত হয়েছে। এছাড়াও বার্গম্যান পরামর্শ দেন যাতে র‍্যাঙ্ক নির্বিশেষে পুলিশ কর্মকর্তাদের নাম মেমোরিয়ালে যোগ করা হয়। মেমোরিয়ালের নির্মাণ তত্ত্বাবধান করতে স্থাপিত কমিটির কাছে একটি চিঠিতে তিনি ব্যাখ্যা করেছেন যে: "তারা কোন ডিপার্টমেন্ট থেকে এসেছেন তাতে কিছু আসে যায় না, হারানোর অভিজ্ঞতা সবার জন্য সমান।" এই কথাটি মেমোরিয়ালে খোদাই করা আছে।

মেমোরিয়ালে অন্তর্ভুক্ত হওয়ার পূর্বশর্ত

এই স্মৃতিসৌধে অন্তর্ভুক্ত হওয়ার জন্য একজন ব্যক্তিকে অবশ্যই স্টেটের ফৌজদারি কার্যবিধি আইনের সংজ্ঞা অনুযায়ী একজন পুলিশ অফিসার হতে হবে, অথবা একজন ফেডারেল আইন প্রয়োগকারী কর্মকর্তা হিসেবে নিয়োগপ্রাপ্ত হতে হবে এবং উক্ত আইনে সংজ্ঞায়িত একই বা অনুরূপ দায়িত্ব পালন করতে হবে। মেমোরিয়ালে অন্তর্ভুক্তির জন্য কর্মকর্তাকে চাকরিদাতা এজেন্সিকে অবশ্যই DCJS-র কাছে আবেদন করতে হবে।

কমিশনার রোসাডো এবং ময়ের পাশাপাশি, নিচের ব্যক্তিবর্গ মেমোরিয়াল উপদেষ্টা কমিটিতে দায়িত্ব পালন করেন: নিউ ইয়র্ক স্টেট ট্রুপার্স PBA-এর প্রেসিডেন্ট Charles Murphy (চার্লস মারফি), পুলিশ কনফারেন্স অব নিউ ইয়র্কের প্রেসিডেন্ট Michael O'Meara (মাইকেল ও'মিয়ারা), নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অব চিফস অব পুলিশ-এর নির্বাহী পরিচালক

Patrick Phelan (প্যাট্রিক ফেলান), নিউ ইয়র্ক স্টেট শেরিফস অ্যাসোসিয়েশনের নির্বাহী পরিচালক Peter R. Kehoe (পিটার আর. কেহো), প্যাট্রোলম্যানস বেনেভোলেন্ট অ্যাসোসিয়েশন অব দ্য সিটি অব নিউ ইয়র্কের প্রেসিডেন্ট Patrick Hendry (প্যাট্রিক হেন্ড্রি) এবং ফেডারেল ল এনফোর্সমেন্ট অফিসার্স অ্যাসোসিয়েশন চ্যাপ্টারের প্রেসিডেন্ট Andrew Rakowsky (অ্যান্ড্রু রাকোস্কি)।

ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশন স্টেটের অপরাধ ন্যায়বিচার ব্যবস্থার সকল দিকে অতি গুরুত্বপূর্ণ সমর্থন প্রদান করে, যার মধ্যে আইন প্রয়োগকারী এবং অন্যান্য অপরাধ ন্যায়বিচার পেশাদারদের প্রশিক্ষণ প্রদান; একটি আইন প্রয়োগকারী স্বীকৃতি কর্মসূচির তত্ত্বাবধান; স্থানীয় আইন প্রয়োগকারীরা ব্রেথালাইজার এবং গতিসীমা প্রয়োগের সরঞ্জাম সঠিকভাবে ব্যবহার করছে কিনা তা নিশ্চিতকরণ; অপরাধ ন্যায়বিচার অনুদান তহবিল ব্যবস্থাপনা; স্টেটব্যাপী অপরাধ ও প্রোগ্রাম ডেটা বিশ্লেষণ; কাউন্টির প্রোবেশন বিভাগসমূহ এবং কারাগারের বিকল্প কর্মসূচির তত্ত্বাবধান; এবং কমবয়সীদের ন্যায়বিচার পলিসি সমন্বয় করা অন্তর্ভুক্ত, কিন্তু তা এইসবে সীমাবদ্ধ নয়। DCJS ফলো করুন Facebook এ, Instagram এ এবংX (সাবেক Twitter) এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন